



পরিবার ও Child Outcome Summary (শিশু পরিণাম সারাংশ)



CHILD OUTCOME SUMMARY (শিশু পরিণাম সারাংশ) প্রক্রিয়া এটি কিভাবে কাজ করে?

Child Outcome Summary (শিশু পরিণাম সারাংশ, COS) প্রক্রিয়াটি শিশুদের প্রারম্ভিক হস্তক্ষেপের সময় করা অগ্রগতির ডেটা সংগ্রহ করতে ব্যবহার করা হয়। আপনার সন্তান পরিষেবা শুরু করলে এবং তাদের রূপান্তরকরণে, তাদের ক্রিয়ামূলক বিকাশ দেখতে কেমন লাগে তা আমরা, একসাথে ভাবনাচিন্তা করব। এটি প্রারম্ভিক হস্তক্ষেপ পরিষেবাগুলিতে থাকাকালীন তিনটি মুখ্য ক্ষেত্রে তারা কতটা অগ্রগতি করেছে তা দেখায়।



তিনটি মুখ্য ক্ষেত্রগুলি কী?

আমরা যে পরিণামগুলির পথানুসরণ করছি:

- ইতিবাচক সামাজিক-আবেগগত দক্ষতা ও সামাজিক সম্পর্ক
- জ্ঞান এবং দক্ষতা অর্জন ও ব্যবহার করা
- তাদের চাহিদা পূরণ করার জন্য উপযুক্ত আচরণের ব্যবহার



কে অগ্রগতির উপর সিদ্ধান্ত গ্রহণ করে?

আপনার সন্তানের অগ্রগতি অনুসরণ করা।

আমরা মনে করি আপনি আপনার সন্তানকে সবার থেকে ভালো জানেন। আপনার শিশুর দলে আপনার একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে, আপনার সন্তান প্রারম্ভিক হস্তক্ষেপে থাকাকালীন তারা কতটা অগ্রগতি করেছে তা নির্ধারণ করায়।



কেন আপনি এই ডেটা সংগ্রহ করেন?

আমার সন্তানের তথ্য কী সুরক্ষিত?

আমরা আমাদের কর্মসূচীতে থাকা সব শিশুদের ডেটা সংগ্রহ করি। আপনার ব্যক্তিগত ডেটা আপনার স্থানীয় কর্মসূচী ও সেইসাথে স্টেট ESIT দলও দেখে। এটি তার বাইরে ব্যবহার করা হলে, কোনো সনাক্তকরণযোগ্য তথ্য শেয়ার করা হয় না। প্রারম্ভিক হস্তক্ষেপ কত ভালোভাবে কাজ করে, এবং এটি যে বিনিয়োগ করার মতো একটি মূল্যবান সংস্থান তা দেখানোর জন্য আমরা এই ডেটা ব্যবহার করি।



বিকাশগত মাইলফলক

COS-এ মুখ্য ক্ষেত্রগুলিতে আপনার সন্তানের বৃদ্ধিতে সাহায্য করার উপায়গুলি



ইতিবাচক সামাজিক- আবেগগত সম্পর্ক গড়ে তোলা

0-6 মাস:


- হাসি দেখলে, আওয়াজ শুনলে বা ঝুলে হাসে
- জোরে হাসে ও খেলতে ভালবাসে
- অপরিচিতদের লক্ষ্য করে

6-12 মাস:

- লুকোচুরি খেলে
- একটি খেলনার চেয়ে অন্য একটি বেশি পছন্দ তা দেখায়
- প্রাপ্তবয়স্কদের মেজাজ অনুযায়ী উপযুক্তভাবে সাড়া দেয়

12-24 মাস:

- আদর করে; জড়িয়ে ধরলে নিজেও উড়িয়ে ধরে ও চুমু খায়
- কারও দৃষ্টি আকর্ষণ করার জন্য শব্দ বা অঙ্গভঙ্গি করে
- অন্য শিশুদের প্রতি মনোযোগ দেয়



দক্ষতা ও জ্ঞান অর্জন করা

0-6 মাস:

- জিনিস বা লোকজনের দিকে তাকায়
- আংশিকভাবে লুকানো জিনিস খুঁজে বের করে
- কোনো খেলনা ধরে তার দিকে তাকায়

6-18 মাস:

- প্যাট-এ-কেক এর মতো খেলা খেলে
- কোনো জিনিসের নাম করা হলে তার দিকে দেখায়

12-24 মাস:

- একটি ধাঁধার বোর্ডে আকৃতি চিনতে পারে
- আওয়াজ, শব্দ বা শরীরের গতিবিধি নকল করে
- শরীরের পাঁচটি অঙ্গের নাম বলে



তাদের চাহিদা পূরণ করার জন্য উপযুক্ত আচরণ করে

0-6 মাস:

- নিজের নাম ডাকলে সাড়া দেয়
- কথা বললে কান্না থামায়
- নিপল দিলে মাথা সেইদিকে ঘোরায়

6-12 মাস:

- প্রথম অর্থপূর্ণ শব্দ ব্যবহার করে
- কোনো কাজ করার জন্য প্রাপ্তবয়স্ককে বা কোনো জিনিস স্পর্শ করে
- অঙ্গভঙ্গির ভাষা ব্যবহার করে যেমন মাথা নেড়ে "না" বলা

12-24 মাস:

- কিভাবে খেলনা কাজ করে তা বোঝার চেষ্টা করে
- একা হাঁটে ও সিঁড়ি বেয়ে হামা দিয়ে উঠতে পারে
- নাগালের বাইরে কিছু নেওয়ার জন্য চেয়ারের উপর উঠে দাঁড়ায়
- কী খাবে বা পরবে সেই ধরনের কিছু সিদ্ধান্ত নেয়

আপনার সন্তানের করা কয়েকটি জিনিসের তালিকা দিন

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

আপনি যদি এই ডকুমেন্টের কপি বিকল্প ফরম্যাট বা ভাষায় পেতে চান, তাহলে অনুগ্রহ করে DCYF Constituent Relations-এর সাথে যোগাযোগ করুন (1-800-723-4831 | 360-902-8060, ConstRelations@dcyf.wa.gov).